

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫৮

আগরতলা, ১৬ জানুয়ারি, ২০২৪

**সিপাহীজলা জেলার বিভিন্ন উন্নয়ন প্রকল্প নিয়ে
জেলাশাসক ও আধিকারিকদের সাথে রাজ্যপালের মতবিনিময়**



রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিডি নাল্লু আজ সিপাহীজলা জেলার জেলাশাসকের কার্যালয়ের কনফারেন্স হলে জেলার বিভিন্ন উন্নয়ন প্রকল্প নিয়ে জেলাশাসক নাগেশ কুমার বি, জেলা পুলিশ সুপার জগদীশ রেডিডি ও বিভিন্ন দপ্তরের আধিকারিকদের সঙ্গে মতবিনিময় করেন। মতবিনিময় সভায় জেলাশাসক পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে জেলার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের বিষয়ে রাজ্যপালকে অবহিত করেন। মতবিনিময় সভায় রাজ্যপালের সচিব ইউ কে চাকমা, জেলার বিভিন্ন মহকুমার মহকুমা শাসকগণ উপস্থিত ছিলেন। মতবিনিময়ের সময় রাজ্যপাল উদ্যান দপ্তরের আধিকারিকদের আনারস চাষকে আরও উৎসাহিত করার জন্য বৈজ্ঞানিক পদ্ধতির ব্যবহার এবং টিস্যু কালচার পদ্ধতি গ্রহণ করার পরামর্শ দেন। কৃষকদের আয় বাড়ানোর জন্য অর্থকরি ফসল চাষের এলাকা আরও বাড়ানোর পরামর্শও দেন। হস্তকারু শিল্পের উন্নতিতে ও উৎপাদন বাড়াতে যন্ত্রপাতির ব্যবহার আরও বাড়ানোর জন্য তিনি আধিকারিকদের বলেন।

মতবিনিময় সভায় রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিডি নাল্লু পানীয়জল এবং সেচের সুবিধা আরও বাড়ানোর বিষয়েও আলোচনা করেন। তিনি বলেন, নির্দিষ্ট সময়ের মধ্যে প্রতিটি বাড়িতে পানীয়জলের সংযোগ পৌছে দিতে হবে। তিনি বলেন, বাল্যবিবাহ রোধ করতে সচেতনতা আরও বাড়াতে হবে। এজন্য ব্যাপক প্রচার প্রয়োজন। মতবিনিময় সভায় রাজ্যপাল বলেন, কেন্দ্র ও রাজ্য সরকার রাজ্যের উন্নয়নে বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। জনগণের উন্নয়নে বিভিন্ন প্রকল্প রূপায়ণ করা হচ্ছে। তিনি আধিকারিকদের বলেন, এই প্রকল্পগুলি সম্পর্কে জনগণকে আরও বেশি করে অবহিত করতে হবে।

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিডি নাল্লু আজ সকালে বিশ্বামগঞ্জে জেলাশাসকের অফিসে পৌছালে তাঁকে গার্ড অব অনার দেওয়া হয়। জেলাশাসক ও অন্যান্য আধিকারিকদের সাথে মতবিনিময়ের পর রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিডি নাল্লু কমলাসাগরের মিশ্রগাড়া পরিদর্শন করেন ও এলাকাবাসীর সঙ্গে কথা বলেন।
